ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩০৩৩
বিলোনীয়া, ১২ মার্চ,২০২৫

**নারীদের অর্থনৈতিকভাবে শক্তিশালী করা সরকারের লক্ষ্য : সমবায়মন্ত্রী**



দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক আন্তর্জাতিক নারী দিবস আজ বিলোনীয়ার শচীন দেববর্মণ অডিটোরিয়ামে জেলা প্রশাসন এবং সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে উদযাপিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন, মাতৃরূপী নারী শক্তিকে অর্থনৈতিকভাবে শক্তিশালী করা ও আত্মনির্ভর করা সরকারের লক্ষ্য। নারীদের মর্যাদা, সম্মান ও অধিকার প্রদানে এই সরকার অঙ্গীকারবদ্ধ। মহিলাদের জন্য সরকারি চাকরিতে নিয়োগের ক্ষেত্রে ৩৩ শতাংশ সংরক্ষণের ব্যবস্থা রয়েছে। রাজ্যে লাখপতি দিদির সংখ্যা বাড়ছে। বাল্যবিবাহ ও নারী নির্যাতন বন্ধ করতে সরকার সদা সচেষ্ট।

জেলাভিত্তিক এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিলোনীয়া পুরপরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ, অতিরিক্ত জেলাশাসক হেমন্ত দেববর্মা, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা পরিদর্শক প্রবীর দেববর্মা এবং বিভিন্ন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানগণ। স্বাগত বক্তব্য রাখেন জেলাশাসক ও সমাহর্তা স্মিতা মল। অনুষ্ঠানে জেলাশাসক বিভিন্ন স্তরের মহিলা জনপ্রতিনিধি সহ বিভিন্ন দপ্তরের মোট ৭৯ জন মহিলাকে তাদের স্ব স্ব ক্ষেত্রে কর্মদক্ষতার নিরিখে সংবর্ধিত করেন। তাছাড়া বেটি বাঁচাও বেটি পড়াও কর্মসূচির দশ বছর পূর্তি উপলক্ষ্যে জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত মহিলা ও পুরুষ বিভাগে আন্তঃদপ্তর সেভেন এ সাইড ক্রিকেট টুর্নামেন্টে পুরুষ ও মহিলা বিভাগে বিজয়ী, রানার্স, ম্যান অব দ্য ম্যাচ, ম্যান অব দ্য টুর্নামেন্ট পুরস্কার প্রদান করা হয় আজকের অনুষ্ঠানে। পরিবেশিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিলোনীয়া পুরপরিষদের ভাইস চেয়ারপার্সন শিখা নাথ।

*****